



তারিখ: ২২ অক্টোবর ২০০৭ ইং

আমলাদের কারনেই রাজনীতিবিদেরা পথভ্রষ্ট হয়েছে। প্রশাসক হওয়ার দিন শেষ
বিচার বিভাগের পৃথকীকরণ না মানলে চাকরী ছেড়ে বাড়ী যান।

-----শেখ মহিউদ্দিন আহমেদ

আমলাদের কুবুদ্ধি আর লোভের কারনেই রাজনীতিবিদেরা পথভ্রষ্ট হয়েছে। যে সমস্ত প্রজাতন্ত্রের কর্মচারী বিচার বিভাগের পৃথকীকরণ মানতে পারবেন না তাদের চাকরী ছেড়ে দিয়ে বাড়ী চলে যাওয়া উচিত। আমলাদের প্রশাসক হওয়ার স্বপ্ন দেখার দিন শেষ আর সেই স্বপ্ন লালনকারীরা যদি প্রজাতন্ত্রের কর্মচারী হতে না পারেন তবে তাদের সেটাই একমাত্র বিকল্প।

লিবারেল পার্টি বাংলাদেশের প্রেসিডেন্ট শেখ মহিউদ্দিন আহমেদ প্রবাস থেকে এক বিবৃতিতে একথা বলেন।

রোকনুদ্দৌলারা কেবল মাত্র ক্ষমতা চায়। ক্ষমতা আর দাপটের দিন শেষ উল্লেখ করে জনাব মহিউদ্দিন বলেন, বাংলাদেশকে একটি নতুন কাঠামোতে গড়া হবে। এই নতুন কাঠামো যারা মানতে পারবেন না, জাতির জন্য প্রজাতন্ত্রের কোন অবস্থানেই তাদের দরকার নাই।

লিবারেল পার্টি লিডার জনগনের দোহাই দিয়ে আমলাদের কোন কথা না বলার আহ্বান জানিয়ে বলেন, আজ নাম গোত্রহীন অনেকে মেজিস্ট্রেট হয়ে কোর্টি টাকা বানিয়েছে। প্রমান চাইলে হাজারো প্রমান দেয়া হবে। পর্যায়ক্রমে এদের ধরা হবে উল্লেখ করে জনাব মহিউদ্দিন বলেন, দুর্নীতিবাজ আর দুঃশাসকদের বিরুদ্ধে অভিযান শেষ হয় নাই, বিরতি দেয়া হয়েছে মাত্র। আরো অনেক কিছু বাকি আছে। প্রশাসক সেজে জনগনকে হুমকী দেয়া আর জমিদারী ভাব নিয়ে জেলা-উপজেলায় মাতঙ্গরী করে লুটপাট করার দিন বা বাসনা আর চলবে না।

জনগন আজ জেগেছে, ২০২১ সাল পর্যন্ত বিচার বিভাগ আলাদা না করার আহ্বানকে আমলাদের দুঃস্বপ্ন আখ্যা দিয়ে বলেন, দিবা স্বপ্ন ভালো কিন্তু দুঃস্বপ্ন ক্ষতিকর, তাই এই ক্ষতিকর প্রজাতির হাত থেকে জনগনকে রক্ষা করতে ২০২১ এর আগেই জনগনের বিপক্ষের আমলাদের বিচারের আওতায় আনা হবে, যেমনি আনা হচ্ছে গনবিরোধী ভন্ড



রাজনীতিবিদদের। এই আমলাদের কুবুদ্ধি আর লোভের কারনেই রাজনীতিবিদেরা পথভ্রষ্ট হয়েছে। যার মামুল আরো বহুদিন গুনতে হবে।

তিনি বলেন, সিভিল আমলাদের কারনেই দুর্নীতি দমন কমিশন স্বাধীন হতে পারে নাই, আমলাদের কারনেই মানবাধিকার কমিশন গঠন হতে পারছে না। আমলাদের কারনেই জনগনের প্রতিনিধিদের দ্বারা স্থানীয় সরকার ব্যবস্থা পূর্নাজ প্রাতিষ্ঠানিক রূপ পাচ্ছে না। অথচ আজ তারাই নিজেদের ক্ষমতা হারানোর আশংকায় দিশেহারা।

জনাব মহিউদ্দিন প্রশ্ন করেন, কিসের ক্ষমতা আর কার বিরুদ্ধে এই ক্ষমতা? চাকরী করতে এসেছেন, চাকরী করেন, বেতন নেন আর পরিবার নিয়ে শান্তিতে থাকেন। রাজনীতিবিদদের কাছে বন্দুক আর মাথায় লবন রেখে খাওয়ার সুযোগ দেয়া হবে না।

শেখ মহিউদ্দিন হুশিয়ার করে বলেন, বহু বছরের ত্যাগ আর সৎ পরিকল্পনার দ্বারা খারাপ মানুষগুলোর বিরুদ্ধে আজ একটি জয়ের লক্ষ্যে এগুচ্ছি, এগুলো ভঙ্গুল করার কোন পরিকল্পনাই স্বাভাবিক ভাবে নেয়া হবেনা। আর দুর্নীতিবাজ ক্ষমতালোভী আমলা, রাজনীতিবিদ ও ব্যবসায়ীদের কারনে সৎ লক্ষ্য ব্যহত হলে, গনতান্ত্রিক ব্যবস্থার সমাধি হবে আর সিভিল আমলারা পুরোপুরি দাসে পরিনত হবে।

তাই গনতন্ত্রের প্রাতিষ্ঠানিক রূপ দেয়ার স্বার্থে সকল পরিবর্তনকে মেনে নিয়ে একটি সুন্দর আগামীর লক্ষ্যে সবাইকে ধৈর্য ধরার আহ্বান জানাই। যদি ব্যর্থ হই, তবে না হয় আরো একবার সংগ্রাম করবো, আরো একবার ১/১১ বানাবো গনবিরোধীদের বিরুদ্ধে।

শেখ মহিউদ্দিন আহমেদ
পার্টি লিডার ও প্রেসিডেন্ট
লিবারেল পার্টি বাংলাদেশ